দৈনিক সংবাদ 173

তারিখ ... 04 NOV 1996
পৃষ্ঠা ২ কলাম ৪

### উপাচার্যের সঙ্গে সাক্ষাৎ

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস নির্মূলে বামজোট সহায়তা দেবে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সন্ত্রাস নির্মূলের ব্যাপারে বাম জোট নেতৃবৃন্দ বলেছেন, সন্ত্রাস নির্মূলের ব্যাপারে শিক্ষকদের পক্ষপাতহীন, নির্মোহ পদক্ষেপ এবং সুস্পষ্ট বক্তব্য থাকা উচিত। নেতৃবৃন্দ বলেন, শিক্ষকরা যদি এ ব্যাপারে সরাসরি পদক্ষেপ নেন তাহলে দলমত নির্বিশেষে আমরা তাতে সমর্থন দেব। তারা আহ্বান জানালে তাদের কর্মসূচিতে আমরা অংশ নেব। এ ক্ষেত্রে কোন সন্ত্রাসীকে গ্রেফতার করলে তাদেরকে নিজেদের কর্মী বলে আওয়ামী লীগ বা বিএনপি'র মত বিবৃতি দেব না।

বাম গণতান্ত্রিক ফ্রন্ট, গণফোরাম, গণতন্ত্রী পার্টি, কমিউনিস্ট কেন্দ্র ও গণআজাদী লীগের নেতৃবৃন্দ সম্মিলিতভাবে উপাচার্য অধ্যাপক ডঃ এ কে আজাদ চৌধুরীর সাথে মতবিনিময়কালে গতকাল রোববার রাতে একথা বলেন।

উপাচার্যের বাসভবনে এ মতবিনিময় অনুষ্ঠানে বাম জোট নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেন রাশেদ খান মেনন, হাসানুল হক ইনু, নির্মল সেন, মোর্শেদ আলী, আ ফ ম মাহবুবুল হক, আবদুল্লাহ সরকার, দিলীপ বড়ুয়া প্রমুখ। এসময় উপস্থিত গণতান্ত্রিক ছাত্রঐক্য নেতৃবৃন্দের মধ্যে ছিলেন ওবায়দুর রহমান চুন্নু, মাহবুবুল হক রিপন, শুভংকর দেব বাপ্পা, জিয়াউল হক জিয়া প্রমুখ। এছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ডঃ এ কে এম নূর-উন-নবী বিশ্ববিদ্যালয়ের সার্বিক অবস্থা এবং এ ব্যাপারে গৃহীত পদক্ষেপ বর্ণনা করেন।

মতবিনিময়কালে নেতৃবৃন্দ সন্ত্রাস নির্মূলের সহায়ক হিসেবে বিভিন্ন পরামর্শ ব্যক্ত করেন। এক্ষেত্রে তারা মত প্রকাশ করেন যে, উপাচার্যের নেতৃত্বে রাজনৈতিক নেতৃবৃন্দ, শিক্ষক ও সাংবাদিকদের একটি গোলটেবিল বৈঠক হওয়া প্রয়োজন।

সন্ত্রাসকে প্রতিহত করার জন্য তারা সন্ত্রাসীদের তালিকা প্রকাশের প্রয়োজনীয়তা ব্যক্ত করেন। নেতৃবৃন্দ দলীয় স্বার্থে ছাত্র রাজনীতির ওপর হস্তক্ষেপ পরিহারের প্রয়োজনীয়তা ব্যক্ত করেন এবং সন্ত্রাস নির্মূলে সম্ভাব্য সার্বিক সহযোগিতা প্রদানে ঐকমত্য প্রকাশ করেন। এছাড়াও নেতৃবৃন্দ এসময় যথাসময়ে পরীক্ষার ফল প্রকাশ ও শিক্ষার মানোন্নয়নের ব্যাপারে আলোচনা করেন।

নেতৃবৃন্দের সাথে সাক্ষাৎকালে উপাচার্য ডঃ অধ্যাপক এ কে আজাদ চৌধুরী বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় যদি সত্যি সত্যি জাতির বিবেক হয় তাহলে একে বাঁচানোর দায়িত্ব এবং সন্ত্রাসমুক্ত করার দায়িত্ব আমার, আপনার, সকলের। তিনি দলমত নির্বিশেষে সকলের সহযোগিতা কামনা করেন এবং সন্ত্রাস নির্মূলের ব্যাপারে নির্ভেজাল সদিচ্ছা ব্যক্ত করেন।

মতবিনিময়কালে বাম জোট নেতৃবৃন্দ সন্ত্রাস নির্মূলের ব্যাপারে বর্তমান সরকারের অনীহা এবং উদাসীনতায় তীব্র ক্ষোভ প্রকাশ করেন। নেতৃবৃন্দ বলেন, বর্তমান সরকার ক্ষমতায় এসে প্রথমে সন্ত্রাস নির্মূলের ব্যাপারে যে বক্তব্য রেখেছিল তাতে আমরা আশান্বিত হয়েছিলাম। কিন্তু সরকারের বর্তমান পদক্ষেপে তুলনামূলকভাবে দেশ-জাতি আরো বেশি হতাশ হয়েছে। এ সময় নেতৃবৃন্দ পুলিশের হাত থেকে শামীমের পালিয়ে যাওয়া এবং জহুরুল হক হলে সংঘটিত সন্ত্রাসী ঘটনাসহ বিভিন্ন ঘটনা তুলে ধরেন।

নেতৃবৃন্দ ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে নিরপেক্ষভাবে তার দায়িত্ব পালনের আহ্বান জানিয়ে বলেন, বুয়েটের উপাচার্যের বিরুদ্ধে বিভিন্ন অনিয়ম, দুর্নীতি এবং স্বজনপ্রীতির অভিযোগে বর্তমানে তীব্র আন্দোলন চলছে। দেখবেন, আপনার বিরুদ্ধে অভিযোগ এনে আপনার পদত্যাগের দাবিতে যেন আন্দোলনে নামতে না হয়।